# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

## For Procurement of Goods

(Request For Quotation Method)

| |
|---|
| আরএফকিউ নং-৩৪/২০২৪-২৫ |
| জারির তারিখ:-১৭/০৬/২০২৫ খ্রিঃ |

**ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি**

**দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।**

ব্রাহ্মণবাড়িয়া পবিসের সদর দপ্তরস্থ অফিসে Digital Attendance System স্থাপনের দরপত্র


প্রশাসন বিভাগ

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি

দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

ই-মেইলঃ bbaripbs@yahoo.com . Web : www. pbs.brahmanbaria.gov.bd

"একই স্মারকে প্রতিস্থাপিত"

# ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি

(ISO 9001:2015 Certified)

দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

ফোন নং- ০৮৫১-৫৭৫০০

ই মেইল bbariapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০১.০৩৮.২৫.৩৩১০

তারিখঃ ০৪ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৭ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ অনুরোধ জ্ঞাপন (RFQ)পদ্ধতিতে অত্র পবিসের সদর দপ্তরস্থ অফিসে Digital Attendance System স্থাপনের লক্ষ্যে কোটেশন আহবান (দরপত্র নং-৩৪/২০২৪-২৫)।

১. ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরস্থ অফিসে Digital Attendance System সরবরাহ এবং স্থাপনের নিমিত্তে পবিস এর নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে কোটেশন আহবান করা যাচ্ছে।

২. Digital Attendance System সরবরাহ এবং স্থাপন করতে ইচ্ছুক সকল কোটেশন দাতা কর্তৃক সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩. এতদসংগে সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট pbs.brahmanbaria.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষ্যে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহনযোগ্য হবেনা অথবা আবেদনের মাধ্যমে ব্রাহ্মণবাড়িয়া পবিস হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে।

৪. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বান কারী কর্তৃক নির্ধারিত স্থানে অর্থাৎ জেনারেল ম্যানেজার, ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়ায় রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

৫. কোটেশন দাখিল এবং Digital Attendance System সরবরাহ এবং স্থাপনের নিমিত্তে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬. সিলমোহরকৃত খাম আগামী ২৩/০৬/২০২৫খ্রিঃ **তারিখ এবং সময়**-১২:০০ ঘটিকা পর্যন্ত কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্নিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে Digital Attendance System সরবরাহ এবং স্থাপনের নিমিত্তে কোটেশন এবং আগামী ২৩/০৬/২০২৫ খ্রিঃ **তারিখ এবং সময়**- বেলা ১২:০৫ এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. Licence for Digital Time Attendance Software: 10 Devices.

৮. Tenderer Must Submit Manufecturer Authorization Letter for Digital Time Attendance Device, Digital Time Attendance Software and UTP Cat 6 Cable.

৯. প্রাপ্ত দরপত্র সমুহ ২৩/০৬/২০২৫ খ্রিঃ **তারিখ** বেলা ১২:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস'র ওয়েব সাইট pbs.brahmanbaria.gov.bd এ দেখা যাবে।

১০. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

১১. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১২. Digital Attendance System সরবরাহ এবং স্থাপনের নিমিত্তে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক কার্য সম্পাদনের পর সমিতির প্রতিনিধির মাধ্যমে মালামালের গুনগত মান সন্তোষজনক সাপেক্ষে গ্রহন করা হবে। সন্তোষজনকভাবে কার্য সম্পাদনের পর বিল দাখিল সাপেক্ষ্যে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রয়োজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১৩. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৪. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরুপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর (হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র) ও ভ্যাট নিবন্ধন (ভ্যাট নিবন্ধন সনদপত্র) নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৫. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৬। উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।

১৭। কার্যাদেশ জারীর তারিখ থেকে ০৭ (সাত) দিনের মধ্যে Digital Attendance System সরবরাহ এবং স্থাপনের কাজ সম্পন্ন করতে হবে।

১৮। দুই বা ততোধিক প্রতিষ্ঠানের দাখিলকৃত দর সমদর হলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা (২০০৮) এর ৯৮ অনুচ্ছেদের ৩১ ও ৩২ ধারা অনুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে।

১৯। নির্ধারিত তারিখের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যাথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২০। বাপবিবো/পবিস/সরকারী/আধা সরকারী প্রতিষ্ঠানে একক কার্যাদেশের বিপরীতে দরদাতা কর্তৃক উদ্ধৃত মোট মূল্যের শতকরা ৫০% ভাগ (কমপক্ষে) মূল্যের Digital Attendance System সরবরাহ এবং স্থাপন ও আনুষাঙ্গিক যন্ত্রাংশ সংগ্রহের অভিজ্ঞতা সনদ থাকতে হবে।

২১। সমিতির প্রদত্ত স্পেসিফিকেশন অনুযায়ী প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে নির্দিষ্ট মডেলের সনদপত্র।

২২। দাখিলকৃত Specification এর সাথে Component এর Technical Specification এর বর্ণনাসহ Brochures দাখিল করতে হবে।

২৩। ভ্যাট/টার্ন ওভার রেজিস্টেশন সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

২৪। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

২৫। দরপত্র দাখিলের পূর্বে মালামালের কোয়ালিটি/স্পেসিফিকেশন ইত্যাদি সংক্রান্ত বিষয়ে প্রয়োজনে অত্র পবিসের এজিএম (আইটি) মোবাইল নম্বর-01704-108957 এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

২৬। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান-কে পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল এ বর্ণিত মালামালসমূহ অবশ্যই সরবরাহের পূর্বে অত্র পবিসের যথাযথ কর্তৃপক্ষকে মালামালের নমুনা দেখিয়ে অনুমোদন গ্রহণ করতঃ সরবরাহ নিশ্চিত করতে হবে।

Rahman 17.6.25


(মোঃ সাইদুর রহমান)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)
ফোন নম্বর- ০১৭৬৯-৪০০০১০
ই-মেইল-bbaripbs@yahoo.com .


অনুলিপিঃ-(বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানো সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ সহ)

০১। পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (নির্ধারিত সময়ে দরপত্র গ্রহণ ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হইল)।
০২। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, সিলেট জোন, বাপবিবো, সিলেট।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.........................................পবিস-১/২/৩/৪
০৬। উপজেলা নির্বাহী অফিসারঃ-----------------------------------------------, ব্রাহ্মণবাড়িয়া।
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া।
০৮। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ব্রাহ্মণবাড়িয়া।
০৯। ডিজিএম, কসবা সদর/আখাউড়া/কসবা/নাসিরনগর/নবীনগর জোনাল অফিস, ব্রাহ্মণবাড়িয়া পবিস।
১০। সহকারী প্রকৌশলী, প্রকল্প বিভিাগ, বাপবিবো, ব্রাহ্মণবাড়িয়া।
১১। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), ব্রাহ্মণবাড়িয়া পবিস।
১২। এজিএম(ওএন্ডএম), বিজয়নগর/সুলতানপুর/শিবপুর/শ্যামগ্রাম/অরুয়াইল সাব জোনাল অফিস, ব্রাহ্মণবাড়িয়া পবিস।
১৩। জুনিয়র ইঞ্জিনিয়ার, (আইটি ১/২), ব্রাহ্মণবাড়িয়া পবিস (অত্র পবিস এর ওয়েব সাইটে প্রকাশ করে তার স্ক্রীন শর্ট প্রিন্ট দিয়ে এজিএম(প্রশাসন) এর নিকট প্রদান করার নির্দেশ দেওয়া হলো)।
১৪। মেসার্স ........................................................।
১৫। নোটিশ বোর্ড, ব্রাহ্মণবাড়িয়া পবিস।
১৬। পিবিএস/আরইবি ওয়েব সাইট/ই-মেইল সকল পবিস।
১৭। অফিস কপি/মাস্টার কপি।

Rahman 17.6.25

(মোঃ সাইদুর রহমান)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

প্রতি
জেনারেল ম্যানেজার
ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

কোটেশনের স্মারক নম্বর: ............................................... তারিখ:

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে Digital Attendance System সরবরাহ এবং স্থাপনের নিমিত্তে প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা ----------------------------------কথায়ঃ------------------------------------------ আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/ আমরা ...................... তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর
তারিখ

# পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫৫.০১.০৩৮.২৫. , তারিখঃ- ১৭/০৬/২০২৫খ্রিঃ।

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমান | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | | Digital Attendance Device | Nos | 03 | | | | ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২. | | Digital Attendance System Software | Nos | 01 | | | | |
| ৩. | | Power Adapter | Nos | 03 | | | | |
| ৪. | | UTP Cat6 Cable | Box | 01 | | | | |
| ৫. | | Accessories (connecter, PVC Pipe, Channel, Power Cable, Socket Etc.) | Lot | 01 | | | | |
| ৬. | | Installation Configuration | Job | 01 | | | | |
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট **মূল্য** (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | | | | | | অংকে | | |
| | | | | | | কথায় | | |
| | | | | | | মোট | | |
| | | | | | | ডিসকাউন্ট | | |
| | | | | | | সর্বমোট | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া। |
| মোট মূল্য টাকায় (কথায়) | [উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য ---------------------------------------- |
| প্রস্তাবিত পরিবহন | ০৭ (সাত) দিনের মধ্যে ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | প্রয়োজ্য নয়। |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের তফশীলে ------টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে। আমার/আমাদের প্রস্তাব ....... তারিখ পর্যন্ত বৈধ থাকবে।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: -------------------- |
| কোটেশনদাতার নাম | |

টীকা:

১। কলাম ১,২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

SL NO:1

Item Description: Specification of Digital Attendance Device

| SL No | Name of Item | Technical Specifications and Standards | Bidder's Response |
|---|---|---|---|
| 1 | Brand | To be mentioned by the bidder | |
| 2 | Model | To be mentioned by the bidder | |
| 3 | Country of Origin | To be mentioned by the bidder | |
| 4 | Country of Manufacturer | To be mentioned by the bidder | |
| 5 | Fingerprint Capacity | Minimum 3,000 templates | |
| 6 | Card Capacity | Minimum 5,000 ID/IC/HID Prox cards (optional) | |
| 7 | Transaction Log | Minimum 100,000 records | |
| 8 | Sensor Technology | Same Brand Optical Sensor with infrared detection | |
| 9 | Display | 2.4" TFT LCD color screen | |
| 10 | Keypad | 4×4 touch keypad | |
| 11 | Communication Protocols | TCP/IP, RS-232/485, USB-host Wiegand In/Out | |
| 12 | Wiegand Signal | Input, Output,SRB | |
| 13 | Access Hardware Interface | 3rd Party Electric Lock, Door Sensor, Exit Button, Alarm, Doorbell | |
| 14 | Functions | Anti-passback, DST, record query | |
| 15 | Optional Functions | ID/Mifare/HID Prox card reader, RS485 fingerprint reader, HTTPS support | |
| 16 | Power Requirements | 12 V DC, 3 A | |
| 17 | Operating Conditions | Temperature: 0–45°C; Humidity: 20–80% | |
| 18 | Dimensions | 80 × 183 × 42 mm | |
| 19 | CPU Platform | Board at 1.2 GHz (enhanced firmware platform) (Board to be mentioned by bidder) | |
| 20 | Compatibility | Standalone operation or integrated with same brand software | |
| 21 | Warranty | One Year Standard Warranty | |

SL NO:2

## Item Description: Specification of Digital Attendance System Software

| SL No | Name of Item | Technical Specifications and Standards | Bidder's Response |
|---|---|---|---|
| 1 | Brand | To be mentioned by the bidder | |
| 2 | Model | To be mentioned by the bidder | |
| 3 | Country Of Origin | To be mentioned by the bidder | |
| 4 | System Architecture | Web-based, designed for private cloud deployment | |
| 5 | Supported Devices | Standalone "Green Label" PUSH-protocol terminals via Ethernet/Wi-Fi/ GPRS/3G/4G | |
| 6 | Authentication Methods | Fingerprint, Face Recognition, Palm Recognition, RFID Card, PIN | |
| 7 | Database Compatibility | Default: PostgreSQL | |
| | | Supported: Microsoft SQL Server (2005–2022), MySQL 5.x/7+, Oracle 10g/11g/12c/19c | |
| | Platform & Server Requirements | | |
| 8 | OS | Windows Server (64-bit only): 2008/ 2012/ 2016/2019; Windows 8–11 | |
| 9 | CPU | Dual-core ≥ 2.4 GHz or Higher | |
| 10 | RAM | Minimum 4 GB (recommended 8 GB or higher) | |
| 11 | Storage | ≥ 100 GB free space, preferably on an NTFS partition | |
| 12 | Monitor Resolution | ≥ 1024×768 resolution | |
| 13 | Browser Compatibility | Chrome 33+, Internet Explorer 11+, Firefox 27+ | |

SL NO:3

## Item Description: Specification of Power Adapter

| SL No | Name of Item | Technical Specifications and Standards | Bidder's Response |
|---|---|---|---|
| 1 | Input Voltage | 100V-240V AC | |
| 2 | Output Voltage | DC 12V | |
| 3 | Output Current | 3A | |
| 4 | Connector Type | 2-pin DC power connector (barrel type) | |
| 5 | Recommended Adapter | 12V DC, 3A regulated switching power supply | |

SL NO:4

## Item Description: Specification of UTP Cat6 Cable

| SL No | Name of Item | Technical Specifications and Standards | | Bidder's Response |
|---|---|---|---|---|
| 1 | Brand | To Be Mentioned By Tenderer | | |
| 2 | Model | To Be Mentioned By Tenderer | | |
| 3 | Country of Origin | USA/UK/EU or Equivalent | | |
| 4 | Category | Cat.6 | | |
| 5 | Reference standard | ISO/IEC11801, ANSI/TIA/EIA-568-C.2-D, IEC61156-5 EN50399, RoHS Compliant. | | |
| 6 | Conductor | Material | Solid-Bare Copper | |
| | | Structure AWG | 23 AWG | |
| 7 | Insulation | Material | HDPE | |
| | | Nominal OD | 1.0 ± 0.10 mm | |
| 8 | Twist | Direction | S | |
| 9 | Fillers | Material | PE | |
| 10 | Jacket | Thickness | 0.60 ± 0.10 mm | |
| | | Diameter | 6.30 ± 0.30 mm | |
| | | Material | PVC | |
| | | Color | Orange/Blue/Gray | |
| 11 | Jacket physical properties | Before aging | Tensile strength ≥ 13.5 Mpa<br>Elongation ≥ 150% | |
| | | After aging | Tensile strength ≥ 12.5 Mpa<br>Elongation ≥ 125% | |
| 12 | Cable length | 305m/Box | | |

# আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রমিক নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | **তৈরী বং মডেল (make and model)** |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| 1. | | Digital Attendance Devise | | | - |
| 2. | | Digital Attendance System Software | | | |
| 3. | | Power Adapter | | | |
| 4. | | UTP Cat6 Cable | | | |
| 5. | | Accessories (connecter, PVC Pipe, Channel, Power Cable, Socket Etc.) | | | |
| 6. | | Installation Configuration | | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী কার্যসম্পাদন করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: ------------------ |
| কোটেশনদাতার নাম | |

টীকা:

১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশন দাতার পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম , দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জসপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

# বিষয়ঃ Digital Attendance System সরবরাহ এবং স্থাপনের কার্যাদেশ

ক্রয় আদেশ স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০১.০৩৮.২৫.--------, তারিখঃ ১৭/০৬/২০২৫ খ্রিঃ

| | |
|---|---|
| কোটেশন নম্বর:________________ | তারিখ : --------- |
| প্রতি:<br>--------------------------- | |
| পরিবহনের তারিখ: ---------------------- | **ক্রয়াদেশকৃত** পণ্যের মূল্য: টাকা ---------------------- |
| সরবরাহ : শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার ----------- তারিখের দাখিলকৃত কোটেশনের দর ১ম সর্বনিম্ন হওয়ায়, দরপত্র মূল্যায়ন কমিটির নিকট বিবেচিত হওয়ায় নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষ্যে Digital Attendance System সরবরাহ এবং স্থাপনের নিমিত্তে -----------------------------------টাকার কথায়--------------------------------------------- কার্যাদেশ প্রদান করা হল। উল্লিখিত মলামাল সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে পরিবহণ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| (মোঃ সাইদুর রহমান)<br>জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)<br>ব্রাহ্মণবাড়িয়া পবিস |
| তারিখ ১৭/০৬/২০২৫খ্রিঃ |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক

# পণ্য সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলীঃ

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে পরিবহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারীসকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । মেরামতকরনের চালানের জমা এবং গ্রহনের পর মেরামতের এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকরী দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা অংকে------------------------------ [কথায়---------------- ---------------------------------।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে পরিবহণকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ [মাস উল্লেখ করুন; প্রযোজ্য না হলে 'নেই' উল্লেখ করুন] ।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. সেবা এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোনো দাবি পরিবহনকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহকারী পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. পরিবহনের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী সেবা এবং সংশ্লিষ্ট সেবা পরিবহন করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবংসরবরাহকারীতাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পতির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

২২. নির্ধারিত তারিখের মধ্যে যথাযথভাবে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিলসহ প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৩. যথা সময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বে সরবরাহকৃত মালামালের মোট চুক্তি মুল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তি মুল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

| | |
|---|---|
| 17.06.25<br>(মোঃ সাইদুর রহমান)<br>জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)<br>ব্রাহ্মণবাড়িয়া পবিস | সরবরাহকারীর জন্য<br><br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ ১৭/০৬/২০২৫খ্রিঃ | তারিখ |